

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ (ইউসিবি)

কামরাঙ্গীরচর শাখা ।

এলহাম স্কয়ার, রনি মার্কেট রোড, আশ্রাফাবাদ, কামরাঙ্গীরচর, ঢাকা-১২১১।

অর্থক্ষণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মেসার্স নাজমা মেটাল ওয়ার্কস নামীয় ব্যবসায় প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারী মোঃ বোরহান, পিতা : হাজী আঃ হামিদ, মাতা: রেহেমা বেগম, ব্যবসায়িক ঠিকানা: মেসার্স নাজমা মেটাল ওয়ার্কস, খলিফাঘাট, রাসুলপুর, আশ্রাফাবাদ, কামরাঙ্গীরচর, ঢাকা-১২১১, বর্তমান ঠিকানা: বাড়ি-০৩, রোড-০২, খলিফাঘাট, আশ্রাফাবাদ, কামরাঙ্গীরচর, ঢাকা-১২১১, স্থায়ী ঠিকানা: বাড়ি-০৩, রোড-০২, খলিফাঘাট, আশ্রাফাবাদ, কামরাঙ্গীরচর, ঢাকা-১২১১, কর্তৃক ইউসিবি, কামরাঙ্গীরচর শাখা হইতে গৃহীত ঝণের জামানত হিসাবে ঝণগ্রহীতা কর্তৃক নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি ও তদুপরিস্থিত যাবতীয় স্থাপনাদি (২ তলা বিল্ডিং) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আম-মোকার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঝণগ্রহীতা মঙ্গুরীপত্রের শর্ত মোতাবেক ঝণ পরিশোধ না করায় বিগত ৩১.০৭.২০১৯ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ১,১০,৩০,৩৬২.৪৯ (এক কোটি দশ লক্ষ ত্রিশ হাজার তিনশত বাষাটি টাকা এবং উনপঞ্চাশ পয়সা) টাকা সহ অন্যান্য আনুসংগিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি ও তদুপরিস্থিত যাবতীয় স্থাপনাদি যথেষ্টে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তির তফসিল

জেলা- ঢাকা, থানা- কামরাঙ্গীরচর, সাব রেজিস্ট্রি অফিস- সদর, মৌজা- চৰ কামরাঙ্গী, তৌজি নং ১৫৫৬৪ জেএল নং সি এস ৩৪৯, এস এ-৭০, আর এস এবং সিটি জরিপ- ৩, সি.এস খতিয়ান নং-১৬৪, এস. এ খতিয়ান নং-১৯৩, আর. এস খতিয়ান নং- ৭১৪, ঢাকা সিটি জরিপ খতিয়ান নং- ১৭৪৯, সিটি জরিপ মিউটেশন খতিয়ান নং- ১২৬৬৫; জোত নং ১১১/৭১; সি এস ও এস এ দাগ নং-৫৫৪, আর এস- দাগ নং ২০৮০, ঢাকা সিটি জরিপ দাগ নং ৭৮১৪; জমির পরিমাণ ৪.১২৫ শতাংশ জমি ও তদুপরিস্থিত যাবতীয় স্থাপনাদি যাহার চৌহদ্দী ৪ উত্তরে- এম. এ মতিনের বিক্রীত জমি, দক্ষিণে-মোঃ নজরুল মিয়া ও অন্যান্য, পূর্বে- মোহাম্মদ আলীর বিক্রীত জমি, এবং পশ্চিমে- মোঃ আনোয়ার।

নিলামের শর্তাবলী

- (১) আগামী ০৫.০৯.২০১৯ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, কামরাঙ্গীরচর শাখায় রাখিত বাল্লে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং এই দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রাদাতাকে উদ্বৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্বৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্বৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, কামরাঙ্গীরচর শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নবমই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়ান্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রাদাতার জামানত বাজেয়ান্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রাদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রহ্য করিতে পারিবেন।
- (৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- (৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শনো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, কামরাঙ্গীরচর শাখা ঢাকা।